মেহেরপুরের মেয়ে নির্জনা’র কৃতিত্ব

মেহেরপুরের মেয়ে ফাতেমা ফারজানা নির্জনা ঢাকা বিশ্ব বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় তিনটি ইউনিটে কৃতিত্বের সাথে ভর্তির যোগ্যতা অর্জন করেছে। “ঘ” ইউনিটে ৯৭ হাজার পরীক্ষার্থীর মধ্যে ৮৭ তম, “খ” ইউনিটে ৪৫ হাজার পরীর্ক্ষার্থীর মধ্যে ৩২৭তম এবং “চ” ইউনিটে ১৫ হাজার পরীক্ষার্থীর মধ্যে ২২৪তম হয়েছেন।

নির্জনা মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান মফিজ ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাহিদা খাতুনের মেয়ে।

ফাতেমা ফারজানা নির্জনা মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে পিএসসি, জেএসসি ও এসএসসি ও মহিলা কলেজ থেকে এইসএসসি পরীক্ষায় জিপিএ ৫ পেয়েছিল।
এর আগে নির্জনা ২০১৭ সালে দুর্নীতি দমন কমিশন থেকে আয়োজিত বিতর্ক প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করে প্রধান মন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে পুরুষ্কার লাভ করেন।

– নিজস্ব প্রতিনিধি

১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতি করবে ‘বেনাপোল এক্সপ্রেস’

আগামী ১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনাসহ চারটি স্টেশনে যাত্রাবিরতি করবে ঢাকা-বেনাপোল রুটে চলাচলকারী ‘বেনাপোল এক্সপ্রেস’। রাজধানী ঢাকা ও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে বিরতিহীন চলাচলকারী ট্রেনটির যাত্রাপথে চারটি স্টেশনে

বিরতির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ।

এর ফলে এ অঞ্চলের ঢাকাগামী যাত্রীরা বাড়তি একটি ট্রেন পেতে যাচ্ছে। যাত্রাপথে বিরতি পাওয়া অন্য দুটি স্টেশন হলো, ঝিনাইদহের কোর্টচাঁদপুর ও যশোরের ঝিকরগাছা।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মিজানুর রহমান জানান, বেনাপোল এক্সপ্রেস ট্রেনে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী যাত্রীদের জন্য মোট ১১০টি আসন রাখা হয়েছে। যার মধ্যে শোভন চেয়ার ৯২টি, এসি কেবিনে চেয়ার আটটি ও এসি চেয়ার ১০টি। ফিরতি পথে (ঢাকা থেকে) এসি বার্থ চারটি, এসি চেয়ার ১০টি ও শোভন চেয়ার ৭০টিসহ মোট ৮৪টি। এ ছাড়া দর্শনা থেকে ঢাকাগামী ও ফিরতি পথের যাত্রীদের জন্য শোভন ৭০টি ও এসি চেয়ার পাঁচটি রাখা হয়েছে।

মিজানুর রহমান আরো বলেন, বর্তমানে ট্রেনটি ঢাকায় যাওয়ার পথে বিকেল তিনটা ২৬ মিনিটে ও ফিরতি পথে সকাল ৬টা ২৫ মিনিটে চুয়াডাঙ্গা স্টেশন ত্যাগ করে। প্রাথমিকভাবে ওই সময়টিকে যাত্রাবিরতির জন্য ধরা হয়েছে। চুয়াডাঙ্গা থেকে ঢাকা পর্যন্ত চিত্রা ও সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে যে ভাড়া নেওয়া হয়, বেনাপোল এক্সপ্রেসের ভাড়াও তা-ই থাকছে। এতে শোভন চেয়ারে ৩৯০ টাকা, এসি চেয়ারে ৭৫০ টাকা ও এসি কেবিন চেয়ারে ৮৯২ টাকা।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীর জোড়পুকুরিয়া বাজারে ৩টি দোকানে দুর্ধর্ষ চুরি

মেহেরপুর গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে দোকানের সার্টারভেঙ্গে ৩টি মুদিখানা, একটি সারের দোকান ও ফিড মিল থেকে থেকে নগদ টাকাসহ ৪ লক্ষাধিক টাকার মালামাল চুরি হয়েছে।

মঙ্গলবার রাতের কোন এক সময় মেহেপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে এ চুরির ঘটনা ঘটে। বাজারে নৈশ প্রহরা থাকা অবস্থায় দুর্ধর্ষ চুরি নিয়ে জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।

ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা গেছে, জোড়পুকুরিয়া বাজারের চা ও মুদি দোকান ফারুক ষ্টোর ও জাইমা ষ্টোর, সার ডিলার আব্দুল সালাম ট্রেডার্স শার্টার ভেঙ্গে চোরেরা ভেতরে প্রবেশ করে। নগদ টাকা, কসমেটিক্স, সিগারেট ও দামী মালামাল লুটে নিয়ে পালিয়ে যায়। চারটি দোকান থেকে নগদ টাকাসহ আনুমানিক চার লক্ষাধিক টাকার মালামাল লুটে নেওয়া হয়েছে বলে প্রাথমিকভাবে জানাচ্ছেন ভুক্তভোগীরা।

এদিকে বাজারে দুই জন নৈশপ্রহীরা রাতে পাহারা করেন। তারা ঘটনার সময় কোথায় ছিলেন তা কেউ বুঝতে পারছেন না। ভোরে ডিউটি শেষ করে তারা বাড়ি ফিরে যায়। আজ ভোরের দিকে চায়ের দোকানী কয়েকজন বাজারে চুরির বিষয়টি টের পান।

সাহারবাটি ইউনিয়ন ১নং ওয়ার্ডের মেম্বার সাহাবুদ্দিন সাবুদ জানান, প্রতিরাতের ন্যায় নাইটগার্ড তার ডিউটি পালন করে আসছে, এছাড়াও গাংনী থানার পুলিশ প্রতিরাতে বাজারের টহল রাস্তায় টহল দিয়ে আসছে। বিষয় নিয়ে বাজার কমিটি কে নিয়ে একটি শালিশী বৈঠকের ব্যবস্থা করা হয়েছে।

মুদি দোকানী হাসমত আলী জানান, প্রতি রাতেই দোকানে টাকা রাখা হয়। দোকান বন্ধ করে গ্রামের বাড়ি যাই রাতে। তাই টাকা বহন করা ঝুঁকি জেনেই দোকানে টাকা রাখি। ৯০-৯৫ হাজার নগদ টাকা, ৮-১০ হাজার টাকা মূল্যের সিগারেট ও অন্যান্য মালামাল চুরি করে নিয়ে গেছে।

চাউল ব্যবসায়ী আব্দুস সালাম জানান, প্রতিদিনের ন্যয় রাত আটটার দিকে দোকান বন্ধ করে বাসায় চলে যায়, টাকা বহনের ঝুকি জেনে রাতের নগদ ৩০ হাজার টাকা দোকানে রেখে যাই। নগদ ৫০ হাজার টাকাসহ ১০ বস্তা চাউল ও অন্যান্য জিনিসপত্র চুরি হয়েছে।

চা ও ভ্যারাইটি বিক্রেতা ফারুক আহমেদ জানান, আমার দোকানে ২০ হাজার টাকাসহ ও সিগারেট ও প্রসাধনী সামগ্রী চুরি হয়েছে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, ঘটনা শুনে সেখানে পুলিশের একটি টিম পাঠানো হয়েছে। ঘটনার বিস্তারিত জেনে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
-গাংনী অফিস

গাংনীতে তিন মহিলার উপর হামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কোদালকাটি গ্রামে জমি।সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরে তিনজন নারীর উপর হামলা করেছে প্রতিপক্ষরা। এতে তিনজন নারী আহত হয়েছে বলে জানা গেছে।

আহতরা হলো কোদালগাটি গ্রামের পশ্চিম পাড়ার মৃত সমর আলির স্ত্রী বুলবুলি খাতুন (৫০), রবিউল ইসলামের স্ত্রী শিল্পি আরা (৩৫) ও মো: জনিরুল ইসলামের স্ত্রী শাহানাজ খাতুন (২৫) মঙ্গলবার বেলা ৩টার দিকে এ হামলার ঘটনা ঘটে বলে জানান হামলার শিকার আহত তাদের স্বজনরা।

আহত শাহানাজের স্বামী জনিরুল বলেন, রাস্তার সাথে আমার ১০ শতক জমির বিনিময়ে ২৫ শতক জমি আমাকে দেয় ঐ গ্রামের আ: জলিলের ছেলে জামিরুল মাষ্টার ও বিশারতের ছেলে সালাম।

বিনিময় করার পর ১৩ বছর বসবাস করার পর হঠাৎ করে তারা সে জমি ছেড়ে দিতে বললে তা ছেড়ে দিয়ে আমার নিজেস্ব ১০ শতক জমির মধ্যে ৫শতক জমির উপর বাড়ি করে দুমাস ধরে বসবাস শুরু করি।

হঠাৎ ঘটনার দিন মঙ্গলবার বেলা ৩টার দিকে রড লাঠিসোঠা নিয়ে জামিরুল মাষ্টার সহ তার দলবল নিয়ে আমাদের বাড়ির লোকজনের উপর অতর্কিত হামলা করে। হামলায় বাড়ির তিনজন মহিলা মারত্মক আহত হয় বলে জানান জনিরুল ইসলাম। দেড় মাস আগে এবিষয়ে গাংনী থানায় একটি অভিযোগ করা হয় বলে জানান ভুক্তোভোগি জনিরুল ইসলাম।

গতকালকের হামলার বিষয়ে গাংনী থানায় অভিযোগ করার প্রক্রিয়া চলছে বলে জানান জনিরুল ইসলাম।

- গাংনী অফিস

গাংনীতে ঘুষ না দেওয়ায় অন্ধ হাসিনার ভিজিডি কার্ড কাটলেন ইউপি সদস্য

মেহেরপুরের গাংনীতে ২ হাজার টাকা ঘুষ না দেওয়ায় ভিজিডি কার্ড হারালেন হাসিনা খাতুন নামের এক অন্ধ মহিলা। আর এ অভিযোগে তীর উঠেছে ধানখোলা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও জামায়াত নেতা তৌহিদী হাসান নিলুর বিরুদ্ধে।

অন্ধ হাসিনা খাতুন ধানখোলা ইউপির কসবা গ্রামের মামুনুর রশিদের স্ত্রী। অন্ধের ভিজিডি কার্ড কেটে দেওয়ায় এলাকায় নানা সমালোচনার মুখে পড়েছে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন জানান, ইতোপূর্বে জেলা প্রশাসক পরিমল সিংহ স্যারের সুপারিশে ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান ৩০ কেজি চাউলের একটি ভিজিডি কার্ড করে দেন। কিন্তু গত কয়েক মাস আগে কসবা গ্রামের ৬ নং ওয়ার্ডের মেম্বর তৌহিদী হাসান নিলু ২ হাজার টাকা দাবি করে। টাকা না দেওয়ার কারণে আমার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছেন।

এ ব্যপারে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু জানান, আমি অন্ধ হাসিনার কাছে টাকাও চাইনী এ ব্যপারে কিছু জানিওনা।

ধানখোলা ইউপি আওয়ামীলীগের সভাপতি আলী আজগর জানান, হাসিনা অন্ধ ও গরিব মানুষ তার ভিজিডি’র কার্ড কাটা ঠিক হয়নী। তাছাড়া ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু স্থানীয় জামায়াত নেতা। বর্তমানে কতিপয় লোকজনের সাথে মিশে আওয়ামীলীগ সাজার চেষ্টা করে।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান জানান, ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু’র ওয়ার্ডের বিষয়। কি ঘটনা ঘটেছে সে ভালো বলতে পারবে।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনী জানান, টাকার জন্য অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে এটা কোন ভাবেই মেনে নেয়া যায়না। অবশ্যই এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

– নিজস্ব প্রতিবেদক

[redacted]

[redacted]

নিজস্ব প্রতিনিধি:

গাংনীতে ডিজিটাল হাজিরায় অ্যানালগ দুর্নীতি

মেহেরপুরের গাংনী উপজেলার ১৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত দুই মাস আগে কেনা হয় বায়োমেট্রিক হাজিরা মেশিন। প্রতিটি মেশিনের মূল্য ৬ হাজার টাকা করে হলেও ভাউচার দেখানো হয়েছে কোনটিতে ১২ হাজার আবার কোনটিতে ১৫ হাজার টাকা।

হিসাব মত ১৪০টি বিদ্যালয়ের মেশিন গুলোর দামহতো ৯ লাখ টাকা সেখানে অতিরিক্ত ১২ লাখ টাকা খরচ দেখানো হয়েছে।

আর এই অতিরিক্ত টাকাটা কয়েকটি ভাগে ভাগ করে পটেস্থ করা হয়েছে। অভিযোগ রয়েছে উপজেলা শিক্ষা অফিসার গুটি কয়েক শিক্ষক নেতা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বায়োমেট্রিক ডিভাইস কোম্পানীর প্রতিনিধি এর সাথে জড়িত আছেন।

সরকার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে ডিজিটাল শিক্ষা ব্যবস্থার আওতায় আনার লক্ষে শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের সিদ্ধান্ত নেয়। সে মোতাবেক চলতি বছর প্রতিটি বিদ্যালয়ে ¯◌িøপ বাবদ ৫০-৮০ হাজার টাকা বরাদ্ধ দেয়।

এই সুযোগকে কাজে লাগিয়ে একটি সিন্ডিকেট সরকারি টাকা লুটপাটের পায়তারায় ব্যাস্ত।

এদিকে দুইমাস আগে মেশিন গুলো স্থাপন করা হলেও এখন পর্যন্ত সেগুলো চালু করা সম্ভব হয়নি। প্রতিটি মেশিনে আরও চার হাজর টাকা করে খরচ করলে মেশিনগুলো চালু হতে পারে বলে জানিয়েছেন জেলা শিক্ষা কর্মকর্তা।

গাংনীর বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুসন্ধান করে দেখা গেছে, বায়োমেট্রিক মেশিন গুলো অচল হয়ে পড়ে আছে।

আসেনি। তারপরও আমি বিষয়টি শুনেছি। যারা দুর্নীতির সাথে জড়িত তদন্ত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও মেশিন গুলো চালু করতে যা খরচ হবে সে খরচ দুর্নীতির টাকা ফেরত দিয়ে পুশিয়ে দিতে হবে।

:মতুর্জা ফারুক রুপক

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে সুমাইয়া খাতুন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলার আমতৈল মাথাভাঙ্গা নদীতে ডুবে তার মৃত্যু হয়। সুমায়ইয়া খাতুন আমতৈল গ্রামের ইকরামুল হকের মেয়ে ও স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেনীর ছাত্রী।

সুমায়ইয়া খাতুনের বাবা ইকরামুল হক জানান, প্রতিদিনের ন্যায় সুমাইয়া খাতুর বাড়ির পার্শে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। দীর্ঘ সময় সে বাড়িতে না ফেরায় তাকে বিভিন্ন স্থানে সন্ধান করা হয়। পরে নদীতে তার লাশ ভেসে উঠলে স্থানীয়দের সহায়তার তার লাশ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান,সুমাইয়া খাতুন জীবিত রয়েছে এমন সন্দেহে তাকে পার্শবর্তী হারদী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

বামুন্দী ফায়ার সার্ভিসের লিডার মইনুদ্দীন জানান,পানিতে ডুবে যাতে কারোর মৃত্যু না এজন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা মুলক আলোচনা করা হচ্ছে।
-নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির মাছ

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির একটি মাছ পাওয়া গেছে। সদর উপজেলার ছোটশলুয়া গ্রামের একটি পুকুর থেকে মাছটি পাওয়া যায়। শনিবার জেলেদের জালে বিরল প্রজাতির মাছটি ধরা পড়ে।
ছোটশলুয়া গ্রামের জেলে মকবুল হোসেন জানান, মাছ ধরার জন্য তারা পুকুরে জাল ফেলার পর অন্য মাছের সাথে বিরল প্রজাতির একটি মাছ জালে দেখতে পাওয়া যায়। মাছটি এর আগে কখনো দেখেননি তারা। মাছটির গায়ের রং কালো, ডোরাকাটা। পরে মাছটিকে নিয়ে গ্রামের একটি দোকানে পানির ভিতরে রাখলে স্থানীয় অনেকে মাছটি দেখতে ভিড় করে। এ ব্যাপারে চুয়াডাঙ্গা জেলা মৎস্য কর্মকর্তা ড. মোঃ মাহবুবুর রহমান তালুকদার জানান, তিনি এখনো ঘটনা শোনেননি। মাছটি দেখলে তিনি ওই মাছের ব্যাপারে জানাতে পারতেন।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি

জেনিফার লরেন্সের আজ বিয়ে

অস্কারজয়ী মার্কিন অভিনেত্রী জেনিফার লরেন্সের আজ বিয়ে। বর কুক ম্যারোনি নিউ ইয়র্কের একটি আর্ট গ্যালারির মালিক। যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটসের নিউপোর্টে ১২৫ বছরের পুরনো একটি বাড়িতে হচ্ছে অনুষ্ঠান।

জানা গেছে, বিয়েতে দুই পরিবারের ঘনিষ্ঠ দেড় শ অতিথিকে নিমন্ত্রণ করা হয়েছে। তবে এদের মধ্যে চলচ্চিত্রজগতের কারা আছেন সেটা জানা যায়নি। গেল বছরের জুনে ৩৪ বছর বয়সী ম্যারোনির সঙ্গে প্রেম হয় লরেন্সের।

অভিনেত্রীর ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, শিল্প-সাহিত্য ও সিনেমার প্রতি দুজনের আগ্রহের কারণেই দ্রুত তাঁদের সম্পর্ক গড়ে ওঠে। প্রেমের বয়স এক বছর হওয়ার আগেই এ বছরের ফেব্রুয়ারিতে দুজনের বাগদান হয়। তখন এক সাক্ষাৎকারে ২৯ বছর বয়সী অভিনেত্রী বলেছিলেন, ‘আমার দেখা সেরা মানুষ ম্যারোনি।’ তবে এরপর বিয়ে নিয়ে লরেন্স বা

ম্যারোনি কেউই আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেননি।

– ইন্টারনেট অবলম্বনে